কুড়িগ্রামের ডিসিকে প্রত্যাহার করা হবে: জনপ্রশাসন প্রতিমন্ত্রী

সাংবাদিক আরিফুল ইসলামকে মধ্যরাতে বাড়ি থেকে তুলে নিয়ে নির্যাতন ও সাজা দেয়ার ঘটনায় সংশ্লিষ্টতা পাওয়ায় কুড়িগ্রামের জেলা প্রশাসক সুলতানা পারভীনকে প্রত্যাহার করা হচ্ছে। তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থাও নেয়া হবে বলে জানিয়েছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

রোববার দুপুরে সচিবালয়ে সংবাদ ব্রিফিংয়ে তিনি এ তথ্য জানান।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী জানান, স্থানীয় প্রশাসনের মাধ্যমে ওই ঘটনার তদন্ত করিয়েছি। এতে ডিসির বিরুদ্ধে অভিযোগের সত্যতা পাওয়া গেছে। তাকে প্রত্যাহার করা হবে। এর পর তার বিরুদ্ধে বিভাগীয় মামলা হবে। কর্ম অনুযায়ী তার শাস্তি হবে।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের মন্ত্রীর দায়িত্বে আছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি সংশ্লিষ্ট ফাইল অনুমোদন করলে ডিসিকে প্রত্যাহারের আদেশ জারি করা হবে বলে জানান প্রতিমন্ত্রী ফরহাদ।

‘তদন্তে অনেক অনিয়ম দেখেছি। বিভাগীয় প্রক্রিয়া অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে। অহেতুক সেখানে যে সমস্যা সৃষ্টি হয়েছে, তার সত্যতা পেয়েছি; বিধায় ডিসির বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেয়া হবে’-যোগ করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী। সূত্র- যুগান্তর

শুক্রবার মধ্যরাতে কুড়িগ্রামের সাংবাদিক আরিফুল ইসলামকে বাড়ি থেকে তুলে আনেন জেলা প্রশাসকের নির্বাহী ম্যাজিস্ট্রেট রিন্টু বিকাশ চাকমার নেতৃত্বে কয়েকজন ম্যাজিস্ট্রেট। তাকে এক বছরের বিনাশ্রম কারাদণ্ড দেন ভ্রাম্যমাণ আদালত। কুড়িগ্রাম জেলা প্রশাসনের পক্ষ থেকে দাবি করা হয়, মাদকবিরোধী অভিযানে তাকে গ্রেফতার করা হয়েছে। তার কাছ থেকে ৪৫০ গ্রাম দেশি মদ ও ১০০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়েছে।

তবে সাংবাদিক আরিফের স্ত্রী মোস্তারিমা সরদারের অভিযোগ, শুক্রবার রাত ১২টার দিকে একদল লোক দরজা ভেঙে হুড়মুড় করে ঘরে

ঢুকে ‘তুই খুব জ্বালাচ্ছিস’ বলে আরিফুলকে পেটাতে থাকে। এ সময় তাকেও গালাগাল করা হয়। একপর্যায়ে কয়েকজন মিলে টেনেহিঁচড়ে আরিফকে তুলে নিয়ে যায়। তাকে জামাও পরতে দেয়া হয়নি। সকালে তিনি জানতে পারেন, জেলা প্রশাসকের কার্যালয়ে নিয়ে আরেক দফা মারধরের পর সাজানো অভিযোগে আরিফুলকে কারাদণ্ড দেয়া হয়েছে।

এ ঘটনা সামাজিক যোগাযোগমাধ্যমে সমালোচনার ঝড় ওঠে। পরে শনিবার মন্ত্রিপরিষদ বিভাগ রংপুর বিভাগীয় কমিশনারকে ঘটনা তদন্ত করে প্রতিবেদন দাখিলের নির্দেশ দেয়। রংপুরের বিভাগীয় কমিশনার কেএম তারিকুল ইসলাম তদন্তের দায়িত্ব দেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) আবু তাহের মো. মাসুদ রানাকে।

এ বিষয়ে জনপ্রশাসন প্রতিমন্ত্রী রোববার সকালে জানিয়েছিলেন, বিভাগীয় প্রতিবেদনটা আমাদের কাছে আসবে। সেটি যাচাই করে একটি সিদ্ধান্ত হয়ে যাবে ইনশাআল্লাহ। একটা পদক্ষেপ আমরা নেব। দুপুরের পর হয়তো যে সিদ্ধান্ত নেয়ার আমরা নিতে পারব।

স্থানীয়রা জানান, কুড়িগ্রামের জেলা প্রশাসক সুলতানা পারভীন একটি পুকুর সংস্কার করে নিজের নামে নামকরণ করতে চেয়েছিলেন। এ বিষয়ে নিউজ করার পর থেকেই ডিসি আরিফের ওপর ক্ষুব্ধ ছিলেন।

বিসিএস ২০তম ব্যাচের কর্মকর্তা সুলতানা ২০১৮ সালের ৩ মার্চ কুড়িগ্রাম জেলার ডিসির দায়িত্ব নেন।

এদিকে কুড়িগ্রামের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মো. সুজাউদ্দৌলা রোববার সাংবাদিক রিগানের জামিন মঞ্জুর করেছেন। জেলা প্রশাসনের ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তাকে কারাদণ্ড দেয়ার বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে একটি রিট আবেদনও হয়েছে।

চুয়াডাঙ্গায় পুলিশ হেফাজতে যুবকের মৃত্যু

চুয়াডাঙ্গায় পুলিশ হেফাজতে জাহিদুল হাসান ওরফে জাহিদ নামে এক

যুবকের মৃত্যু হয়েছে। গতকাল শনিবার সন্ধ্যায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

নিহতের পরিবারের দাবী পুলিশ জাহিদকে আটকের পর শারীরিক নির্যাতন করে। পুলিশের দাবী আটক যুবক মাদকাসক্ত। তাকে আটকের পর সে অসুস্থ হয়ে পড়লে তাকে হাসপাতালে নেয়া হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

তিনি দামুড়হুদা উপজেলার জয়রামপুর গ্রামের মৃত লাল মোহাম্মদের ছেলে।

নিহতের ভাই জাহাঙ্গীর আলম বলেন, জাহিদকে আটকের পর পুলিশ জনতার সামনেই তাকে মারপিট করে। এতে সে অসুস্থ হয়ে পড়ে।

নিহতের মামী দাবী করেন, পুলিশের নির্যাতনের পর জাহিদ অসুস্থ হয়ে পড়লেও পুলিশ তাকে টেনে হেচড়ে গাড়িতে তোলে। এর ফলে তার মৃত্যু হতে পারে।
নিহতের স্ত্রী লিপি খাতুনের দাবী, তার স্বামী আওয়ামী রাজনীতির সাথে জড়িত। রাজনৈতিক প্রতিপক্ষরাই পুলিশকে দিয়ে পরিকল্পিত ভাবে তার স্বামীকে হত্যা করেছে।

চুয়াডাঙ্গার অতিরিক্ত পুলিশ সুপার আবু তারেক জানান, শনিবার বিকালে গোপন সংবাদে দামুড়হুদার জয়রামপুর রেলস্টেশন এলাকা থেকে জাহিদ ও হাবিব নামের দু’যুবককে আটক করে।

তাদের কাছ থেকে দুই বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়। আটকের পর তাদেরকে থানায় নেয়ার পতে জাহিদ অসুস্থ হয়ে পড়লে তাকে প্রথমে দামুড়হুদা স্বাস্থ্য কমপ্লেক্সে এবং পরে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়া হয়।

হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যায় জাহিদ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

পুলিশের কাউন্টার টেরোরিজম এন্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিটের আয়োজনে সেমিনারের প্রথম দিনে জেলা পুলিশের বিভিন্ন ইউনিটে পুলিশ অফিসার, পুলিশ সদস্য ও কারারক্ষীসহ ২৫০ জন অংশ নেয়।

এসময় উগ্রবাদ দমনে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর করনীয় বিষয়ে দিক নির্দেশনা প্রদাণ করা হয়।

আগামী সোম ও মঙ্গলবার জেলার ইমাম, শিক্ষক, জনপ্রতিনিধের অংশগ্রহণে সেমিনার অনুষ্ঠিত হবে।

মেপ্র/আরপি

আলমডাঙ্গার থানায় বিদায় ও বরণ অনুষ্ঠান

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ সৈয়দ আসিকুর রহমান চুয়াডাঙ্গা ডিএসবিতে বদলী। নড়াইল নড়াগাছা থানার ওসি আলমগীর কবির আলমডাঙ্গা থানায় যোগদান।

গতকাল সন্ধায় আলমডাঙ্গা থানার দায়িত্ব গ্রহন করেন।এ সময় বিদায় ও নবাগত ওসির যোগদান উপলক্ষে আলোচনা সভা অনুষ্টিত হয়েছে।
সবাগত ওসি আলমগীর কবিরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক ওসি সৈয়দ আশিকুর রহমান।

তিনি বলেন, আমি আপনাদের সাথে ৪ মাস কাজ করার সুযোগ পেয়েছি, জানি না কতটুকু সফলতা পেয়েছি, তবে চাকরি করতে হলে আপনাদের সততা ও নিষ্টার সাথে দায়িত্ব পালন করতে হবে। আমি আজ দায়িত্ব বুঝিয়ে দিয়েছি, বর্তমান ওসি আলমগীর আমার ছোট ভাই, সে খুবই দায়িত্ববান অফিসার, তাকে তোমরা সকলে সহয়তা করবে।

ওসি তদন্ত গাজী শামিমের উপস্থাপনায় আরও বক্তব্য রাখেন এস আই মহাব্বত, এসআই জিয়া, এসআই জুয়েল, এ এসআই সাইফুল, এএসআই মোস্তফা, আলমডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম।

সব শেষে নবাগত ওসি আলমগীর কবির বলেন, স্যার অত্যান্ত নিষ্টাবান, কর্তব্যপরায়নতার সাথে কাজ করেন। উনার সাথে আমার দুই, তিনটি স্টেশনে কাজ করার সুযোগ হয়েছে। আমাকে যখন ডিআইজি স্যার ওসি হিসেবে যোগদান করতে বল্লেন, তখন জানতাম না স্যারের স্থলে আমাকে যোগদান করতে হবে। যাহোক আমি দোয়া করি স্যার যেখানে থাক ভাল থাকুক।

অফিসারদের উদ্দেশ্যে বলেন, আপনারা আমাকে সার্বিক সহায়তা করবেন, আমি আপনাদের সহায়তা চাই, তবে মনে রাখবেন কর্তব্যে অবহেলা করলে তার বিরুদ্ধে ব্যাবস্থা নিতে ব্যাধ্য হব। ভাল কাজ করবেন, পুরস্কার পাবেন। আমি যে কয়দিন থাকব সেই কয়দিন আপনাদের সহযোগীতা চাই।

আসেন সকলে মিলে আলমডাঙ্গা থানাকে সন্ত্রাস মুক্ত, মাদক মুক্ত, করি সাধারণ মানুষের সাথে ভাল ব্যাবহার করবেন।
এর আগে কবি গোলাম রহমান চৌধুরি বিদায়ী ও নবাগত ওসিকে স্বরচিত কবিতা লিখে বাধাই করে উপহার দেন।

মেপ্র/আরপি

মেহেরপুরে জমকালো আয়োজনে শুরু হলো পুনাক তাঁতবস্ত্র মেলা

মেহেরপুর পুলিশ নারী কল্যাণ সমিতি (পুনাক) এর আয়োজনে মাস ব্যাপী শুরু হলো তাঁতবস্ত্র, ক্ষুদ্র কুটির শিল্প মেলা।

মেহেরপুর সরকারি কলেজ মাঠে শনিবার সন্ধায় মাসব্যাপী এই মেলার উদ্বোধন করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী মেহেরপুর-১ আসনের সাংসদ ফরহাদ হোসেন।

উদ্বোধন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেলার মূল আয়োজক পুনাক এর সভাপতি তাহেরা রহমান।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক আতাউল গনি, পুলিশ সুপার মুরাদ আলী, অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম।

উদ্বোধন অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, জেলা গোয়েন্দা পুলিশের ওসি রবিউল ইসলাম, সদর থানার ওসি শাহ দারা খান, গাংনী থানার ওসি ওবাইদুর রহমান, মুজিবনগর থানার ওসি আব্দুল হাসেম, জেলা সেচ্ছাসেবক লীগের আহবায়ক আরিফুল এনাম বকুল, মুজিবনগর উপজেলার চেয়ারম্যান জিয়া উদ্দিন বিশ্বাস, ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, সদর উপজেলা ভাইসচেয়ারম্যান মোমিনুল ইসলাম, বুড়িপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান চেয়ারম্যান শাহজামান, সহ জেলা পুলিশের বিভিন্ন সদস্য।

মাসব্যাপী এই মেলা যা থাকছে- চোখ ধাঁধানো মনোরম পরিবেশ, রং বেরঙের আলোকসোজ্জা, দেশী বিদেশি বাহারী পণ্য সামগ্রী ও মুখোরোচক খাবার নিয়ে প্রায় শতাধিক স্টল, সেই সাথে বিনোদনের জন্য ঐতিহ্যবাহী সার্কাস।

মেপ্র/আরপি

১মার্চ মেহেরপুরে আসছেন স্বরাষ্ট্রমন্ত্রী

আগামী ১ মার্চ মেহেরপুরে আসছেন স্বরাষ্ট্র মন্ত্রী আসাদুজ্জামান খান কামাল।

সফরকালে তিনি মুজিবনগর পরিদর্শন করবেন এবং জঙ্গি ও মাদক বিরোধী সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেবেন।

মেহেরপুর পুলিশ সুপার এসএম মুরাদ আলী মেহেরপুর প্রতিদিনকে বিষয়টি নিশ্চিত করেন৷

এদিকে স্বরাষ্ট্র মন্ত্রী আসাদুজ্জামান খান কামাল মেহেরপুরে আগমন উপলক্ষে ব্যাপক প্রস্তুতি গ্রহন করেছে জেলা পুলিশ৷

মেপ্র/এমএফআর

কুষ্টিয়ার দৌলতপুরে পুলিশের সঙ্গে ‘বন্দুকযুদ্ধে’ মাদক ব্যবসায়ী নিহত

কুষ্টিয়ায় পুলিশের সঙ্গে ‘বন্দুকযুদ্ধে’ মো. শহিদুল (৩৪) নামে এক মাদক ব্যবসায়ী নিহত হয়েছে। ঘটনাস্থল থেকে ১টি বিদেশি পিস্তল, ২ রাউন্ড গুলি ও ৫০ বোতল ফেনসিডিল উদ্ধার করেছে পুলিশ।

আজ বুধবার ভোরে দৌলতপুর উপজেলার বাগোয়ান গ্রামের একটি পান বরজের পার্শে এই বন্দুকযুদ্ধের ঘটনা ঘটে।

নিহত শহিদুল দৌলতপুর উপজেলার সীমান্তবর্তী জামালপুর গ্রামের মো. মানিকের ছেলে। সে দৌলতপুর থানায় ১৪টি মাদক মামলার আসামী।

দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এস এম আরিফুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারে উপজেলার বাগোয়ান গ্রামের একটি পান বরজের পাশে দুইদল মাদক ব্যবসায়ী মাদক কেনা বেচা করছে।

এমন সংবাদের ভিত্তিতে দৌলতপুর থানা পুলিশের একটি দল সেখানে অভিযানে যায়। পুলিশের উপস্থিতি টের পেয়ে মাদক ব্যবসায়ীরা পুলিশকে লক্ষ্য করে গুলি ছুঁড়ে। আত্মরক্ষার্থে পুলিশ পাল্টা গুলি চালালে মাদক ব্যবসায়ীরা পালিয়ে যায়।

পরে পুলিশ ঘটনাস্থলে তল্লাশি চালিয়ে গুলিবিদ্ধ অবস্থায় শহিদুলকে উদ্ধার করে দৌলতপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক শহিদুলকে মৃত ঘোষণা করে।নিহত শহিদুলের লাশ ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

মেপ্র/আরপি

[redacted]

[redacted] (AP) [redacted] [redacted] [redacted]

গতকাল বৃহস্পতিবার বিকেলে সদর উপজেলার গান্না ইউনিয়নের চন্ডিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের আয়োজন করে ৬নং গান্না ইউনিয়ন কমিউনিটি পুলিশিং কমিটি।

সভায় গান্না ইউপি চেয়ারম্যান নাসির উদ্দিন মালিথার সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন ঝিনাইদহের পুলিশ সুপার হাসানুজ্জামান (পিপিএম)।

বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, সদর থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন, সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহীদুল ইসলাম হিরণ, পৌর আওয়ামী লীগের সভাপতি বাবু জীবন কুমার বিশ্বাসসহ প্রমুখ।

মতবিনিময় সভায় উপস্থিত সাধারণ জনতার বিভিন্ন অভিযোগের জবাব ও মতামত প্রদান করেন প্রধান অতিথি পুলিশ সুপার হাসানুজ্জামান (পিপিএম)।

মেপ্র/ আরপি